## 103433 - আঁটসাঁট পোশাকে নামায পড়ার হুকুম

প্রশ্ন

আঁটসাঁট পোশাকে নামায পড়ার হুকুম কী? যে ব্যক্তি আঁটসাঁট পোশাক পরেন সে কি ইমামতি করতে পারেন?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

“আঁটসাঁট পোশাক পরা নারী পুরুষ সবার জন্য মাকরুহ। শরয়ি পোশাক হলো এমন আঁটসাঁট না হওয়া যাতে করে লজ্জাস্থানের অবয়ব ফুটে উঠে এবং অতিরিক্ত ঢিলেঢালাও না হওয়া; বরং এ দুটোর মাঝামাঝি মধ্যম পর্যায়ের হওয়া।

তবে নামায সহিহ হবে; যদি পোশাকটি সতর আচ্ছাদনকারী হয়। কিন্তু কোন মুমিন নর ও নারীর জন্য এমন আঁটসাঁট পোশাক পরা মাকরুহ। পোশাক হবে আঁটসাঁট ও ঢিলেঢালার মাঝামাঝি। এটাই হওয়া উচিত।”[সমাপ্ত]

মাজমুউ ফাতাওয়াশ শাইখ বিন বায (২৯/২১৭)]